চুয়াডাঙ্গা ও আলমডাঙ্গায় গনসংযোগ ও উঠান বৈঠকে রাজ্জাক খান

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনের স্বতন্ত্র প্রার্থী আলহাজ্ব এম.এ রাজ্জাক খান রাজ সিআইপি গণসংযোগ পথসভা মতবিনিময় সভা উঠান বৈঠক অব্যহত রয়েছে।

গতকাল বুধবার সকালে আলমডাঙ্গার খাদিমপুরে ইউনিয়নের ১নং ওয়ার্ড ২নং ওয়ার্ড গণসংযোগ ও পথসভা উঠান বৈঠক মতবিনিময় সভা করেন।

এ সময় উঠান বৈঠক গণজোয়ার সৃষ্টি হয় ফ্রিজ প্রতীকের প্রার্থী আলহাজ্ব এম.এ রাজ্জাক খান বলেন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা ১ আসনের জনগনের ভাগ্যোর পরিবর্তন ও জেলাকে বেকারত্ব মুক্ত দারিদ্র্যমুক্ত অশিক্ষার অন্ধকারমুক্ত জেলা গড়তে ফ্রিজ প্রতীকে ভোট দিন, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন হবে সুষ্ঠ ও সুন্দর পরিবেশে তাই আপনারা সবাই ভোটকেন্দ্রে যাবেন এবং ভোট দিবেন নির্ভয়ে।

পরে আলমডাঙ্গার বিভিন্ন স্থানে গণসংযোগ শেষে বিকেলে আলমডাঙ্গা নির্বাচনী অফিসে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবক লীগের সাবেক আহ্বায়ক ও সাবেক পৌর মেয়র ওবাইদুর রহমান চৌধুরী জিপু, এ সময় তিনি বলেন চুয়াডাঙ্গার একমাত্র যোগ্য প্রার্থী আলহাজ্ব এম.এ রাজ্জাক খান রাজ সততা, নিষ্ঠা, ধর্মভিরু বিনয়ী স্বভাবের মানুষ তাকে ভোট দিলে চুয়াডাঙ্গাবাসী কেউ আর অবহেলিত থাকবে না, তাই ৭ তারিখে ফ্রিজ মার্কায় ভোট দিয়ে উন্নয়নের অগ্রযাত্রা ত্বারান্নিত করুন।

এ সময় চুয়াডাঙ্গা-১ আসনের স্বতন্ত্র প্রার্থী আলহাজ্ব এম.এ রাজ্জাক খান রাজ সিআইপি দেশপ্রেমিক ভোটারদের উদ্দেশ্য বলেন, চুয়াডাঙ্গা-১ আসনের সুখে দুঃখে সাথী হয়ে আমি আপনাদের সাথে আগামী দিনের রাজনৈতি করতে চাই যে রাজনীতি হবে দুঃখী ও মেহনতি মানুষের জন্য অন্ন বস্ত্র বাসস্থান ও শিক্ষার সমতা ভিত্তিক ন্যায্যতা আদায়ের অধিকার। আমি চেষ্টা করবো অধিকারহীন এই জনপদের মানুষের কল্যাণ কর ভূমিকা রাখার জন্য আল্লাহর রহমতে ও আপনাদের দোয়া আর্শিবাদে আমার এই সং ইচ্ছা পূরণ হবে ইনশাআল্লাহ। পরে